এম আবদুল হক

উইণ্ডোজ এনটির পরবর্তী ভার্সন

মাইক্রোসফটের নতুন চমক

মাইক্রোসফট তার বর্তমান প্রচলিত উইণ্ডোজ এনটিতে কিছু প্রয়োজনীয় ফাংশন এবং ফীচার যোগ করে আগামী জুন মাস নাগাদ 'Daytona' নামে উইণ্ডোজ এনটির একটি নতুন ভার্সন বাজারজাত করার ঘোষণা দিয়ে সবাইকে চমক লাগিয়ে দিয়েছে। এটি একটি ৩২ বিট অপারেটিং সিস্টেম।

সবার ধারণা ছিল মাইক্রোসফট উইণ্ডোজ এনটির পরবর্তী ভার্সন 'Cairo' নামে ১৯৯৫ সালে বাজারজাত করবে। কায়রো উইণ্ডোজ এনটির একটি অবজেক্টভিত্তিক ভার্সন। এটা এপ্লিকেশন সফটওয়্যার ব্যবহারের সনাতন ধারণা বদলে দিবে। কায়রোতে এমনগ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস ব্যবহৃত হবে যা এখনকার উইণ্ডোজে ব্যবহৃত হয় না। ধারণা করা হচ্ছে মাইক্রোসফটের এই পরিকল্পনার তেমন কোন পরিবর্তন হবে না।

কোম্পানীটির মতে 'ডেটোনা' এনটির চেয়ে দ্রুততর চলবে, কিন্তু কম মেমরি (১৬ মেগাবাইটের কম) ব্যবহার করবে, হার্ডডিস্কেও জায়গা নেবে কম। এর নেটওয়ার্ক পারফর্মেন্সও চমকপ্রদভাবে উন্নত হবে। নোভেল নেটওয়্যারে ক্লায়েন্ট হিসাবেও এটি চলবে।

ডেটোনা উইণ্ডোজ এনটির প্রথম ভার্সন যাতে Open GL গ্রাফিক্স লাইব্রেরী থাকবে। Open GL-এর সাহায্যে ডেটোনাতে প্রোগ্রামারগণ একটি এপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস (এপিআই) ব্যবহার করে দ্রুতগতিতে ত্রিমাত্রিক ছবি তৈরি করতে পারবেন।



কায়রোর পূর্বেই ব্যবহারকারীদের ৩২ বিট অপারেটিং সিস্টেমের সাথে অভ্যস্ত করানোর জন্য মাইক্রোসফট ডেটোনো ছেড়েছে বলে জানানো হয়েছে।

কিন্তু বিশেষজ্ঞরা বলছেন ১৫০ মিলিয়ন ডলার নির্মিত উইণ্ডোজ এনটি আশানুরূপ বাজার লাভে ব্যর্থ হওয়ায় এবং গত ১০ বছরে ১ বিলিয়ন ডলার ব্যয় করে নির্মিত আইবিএম-এর ওস/২-কে কোণঠাসা করার জন্য এই পদক্ষেপ।

মাইক্রোসফট তার 'শিকাগো' নামে পরিচিত উইণ্ডোজ ৪.০ এরও ঘোষণা দিয়েছে। উইণ্ডোজ ৩.১ সারা বিশ্বের ৪ কোটি পিসিতে ডসসহ অপারেটিং সিস্টেম হিসাবে ব্যবহৃত হচ্ছে। শিকাগো এর আধিপত্য আরও বাড়িয়ে দিবে। শিকাগো ৩২ বিটের অপারেটিং সিস্টেম তবে এর কিছু কিছু কোড ১৬ বিটের। উইণ্ডোজ ৩.১-এর প্রযুক্তি মাইক্রোসফটের সাথে এক চুক্তির বলে আইবিএম তার ওএস/২ ২.১-এ ব্যবহার করতে পারতো। ফলে ওএস/২-তে উইণ্ডোজের অনেক ফাংশন যোগ করা সম্ভব হয়েছিল। গত সেপ্টেম্বরে এই চুক্তি শেষ হওয়ায় শিকাগো থেকে ওএস/২-তে কোন ফাংশন নেয়া যাবে না। শিকাগোর গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস উইণ্ডোজ ৩.১-এর চেয়ে সম্পূর্ণ ভিন্ন। কাজেই ওএস/২ ভার্সন ২.১-এর চেয়েও এটি ভিন্ন।

১৯৯৩ সালে মাইক্রোসফট ২,৫০,০০০ কপি উইণ্ডোজ এনটি বিক্রি করেছে। কিন্তু তা নেটওয়ার্ক সার্ভার এবং হাই-এণ্ড টেকনিক্যাল ওয়ার্ক স্টেশনসমূহেই বেশি ব্যবহৃত হয়েছে। অনেকটা ইউনিক্স-এর বিকল্প হিসাবে। মাইক্রোসফট এখন ৩২ বিট উইণ্ডোজ এনটি ডেস্কটপেও নিতে চাচ্ছে। ✿

Brand New Hard Disks

1.	Seagate 40 MB HD	Tk. 8,000.00
2.		Tk. 12,000.00
3.	Western Digital 200 MB HD	Tk. 20,000.00
4.	Western Digital 240 MB HD	Tk. 24,000.00

For the first time in Bangladesh

Exchange Programme

with full 1 year warranty!!

Western Digital **120** MB HD

in exchange of your existing 40 MB HD

Tk. 8,000.00

Reconditioned Hard Disk

Hard Disk received in exchange & reconditioned

Reconditioned **40** MB HD

with full 1 year warranty!!

Tk. 5,000.00

FIRST COMPUTER SUPER STORE IN BANGLADESH
SUPER STORE

Computer Shop

The Computer Shop Ltd.
52 Bijoy Nagar
Dhaka-1000 Bangladesh
Phone : 412226, 415753
Fax : 880-2-835201